দৈনিক ইনকিলাব

৬/৭/২০০১

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ১

# কল্যাণ ট্রাস্ট রক্ষায় সবাই এগিয়ে আসুন

—শিক্ষক সমিতি ফেডাঃ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গতকাল (রবিবার) এক বিবৃতি প্রদান করেছেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির উপদেষ্টা পরিষদের সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম ও অতিরিক্ত মহাসচিব খান মোশাররফ হোসেন, ফেডারেশনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ প্রিন্সিপাল নূরুল আনোয়ার, প্রিন্সিপাল বদিউল আলম, ভাইস প্রিন্সিপাল আবদুর রব মিএগ, ভাইস প্রিন্সিপাল নূরুন নবী সিদ্দিকী, মোঃ আজিজুল হক শাহ, আবদুল হাই, আঃ জলিল, আজিজুর রহমান প্রমুখ। বেসরকারী শিক্ষক কর্মচারীদের কল্যাণ ট্রাস্টেরই বর্তমান কমিটি ২ হাজার ৪২৪ জনের প্রাপ্য প্রায় পৌনে ৮ কোটি টাকা ইতিমধ্যেই পরিশোধ করেছে। আরো ২ হাজার ১৫ জনের নামে ৫ কোটি ৫৫ লাখ টাকার চেক ইস্যু হচ্ছে। ৩১ অক্টোবর, ২০০১-এর মধ্যে ১৬ হাজার ৪৫ জন আবেদনকারীর সকলের (২৬ জুন, ২০০১ পর্যন্ত প্রাপ্ত আবেদন) প্রাপ্য অর্থ পরিশোধের লক্ষ্যে ইতিমধ্যেই ৭১ নং কাকরাইলে পাইয়োনিয়র রোডের ৩৫ নম্বর বাড়ীতে ট্রাস্টের অফিস স্থাপন করা হয়েছে ও জনবল নিয়োগের প্রক্রিয়া চলছে। বিবৃতিতে তারা বহু কষ্ট ও ত্যাগের বিনিময়ে অর্জিত কল্যাণ ট্রাস্ট রক্ষায় এগিয়ে আসার জন্য দেশব্যাপী বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের প্রতি উদাত্ত আহ্বান জানান।